অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং সিনেটর জিলিব্র্যান্ড লং আইল্যান্ড বিদ্যুৎ গ্রিডের জন্য 405 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল ঘোষণা করলেন

তহবিলটি 1.2 মিলিয়ন ইউটিলি ব্যবহারকারীর জন্য নির্ভরযোগ্যতা ও স্থিতিস্থাপকতা আরো বৃদ্ধি করবে

গভর্নর হোকল এবং সিনেটর জিলিব্র্যান্ড আজকে ঘোষণা করলেন যে লং আইল্যান্ড এবং রকাওয়েজজুড়ে বিদ্যুৎ ট্রান্সমিশন এবং বিতরণ ব্যবস্থাকে উন্নত করার জন্য 405 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হবে। মার্কিন যুক্তরাষ্ট্রের স্বদেশ নিরাপত্তা বিভাগের (U.S. Department of Homeland Security) ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) দুর্যোগ প্রশমন অনুদান কর্মসূচির (Hazard Mitigation Grant Program, HMPG) মাধ্যমে পরিচালিত তহবিলটি লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের (Long Island Power Authority, LIPA) অবকাঠামোর অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন ও প্রতিস্থাপনকে সমর্থন করবে, যার উদ্দেশ্য হবে ভবিষ্যতের চরম আবহাওয়া ইভেন্টের প্রভাব প্রশমন করা।

"আমরা এমন একটি নির্ভরযোগ্য, স্থিতিস্থাপক পরিচ্ছন্ন শক্তি গ্রিডে বিনিয়োগ করছি যা চরম আবহাওয়া ইভেন্টের প্রভাব সহ্য করতে পারে," গভর্নর হোকল বলেন। "বাইডেন প্রশাসন এবং কংগ্রেসে আমাদের অংশীদারদের কারণে এই তহবিলটি আমাদের বিদ্যুৎ গ্রিড উন্নয়নে অতি গুরুত্বপূর্ণ উন্নয়নকাজ করবে এবং নিউ ইয়র্কবাসীদের বাতি জ্বালিয়ে রাখতে দিবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "পুরো নিউ ইয়র্ক এবং দেশে চরম আবহাওয়ার ঘটনা আরো সাধারণ হয়ে উঠছে তাই আমাদের বৈদ্যুতিক অবকাঠামো যাতে দুর্যোগ প্রশমনের জন্য নির্ভরযোগ্য ও তৈরি থাকে তা নিশ্চিত করতে আমাদেরকে অবশ্যই কাজ করতে হবে। মাত্র কয়েক বছর আগে আমরা লং আইল্যান্ডের বৈদ্যুতিক গ্রিডে ট্রপিক্যাল ঝড় ইসাইয়াসের বিধ্বংসী প্রভাব দেখেছি, যা অর্ধ মিলিয়নের বেশি লং আইল্যান্ড অধিবাসীকে বিদ্যুৎহীন করেছিলো। 405 মিলিয়ন মার্কিন ডলারের এই ফেডারেল তহবিলটি LIPA এর বৈদ্যুতিক গ্রিডে অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন ও প্রতিস্থাপন করবে এবং ভবিষ্যতের চরম আবহাওয়া ইভেন্টের প্রভাব প্রশমন করতে সাহায্য করবে। এই তহবিল প্রদান করতে পেরে আমি গর্বিত এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের বৈদ্যুতিক অবকাঠামোর নির্ভরযোগ্যতা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে লড়াই চালিয়ে যাবো।"

FEMA এর দুর্যোগ প্রশমন সহায়তা ভবিষ্যতের দুর্যোগের ক্ষেত্রে মানুষ ও সম্পত্তির দীর্ঘমেয়াদি ঝুঁকি হ্রাস বা নির্মূল করার জন্য তহবিল প্রদান করে। প্রশমন পরিকল্পনায় বিনিয়োগ করার মাধ্যমে দুর্যোগ ক্ষতি, পুনর্গঠন, এবং পুনরাবৃত্ত ক্ষতির চক্রকে ভেঙ্গে ফেলা যায়, ভবিষ্যতের ইভেন্টের বিপক্ষে নিরাপদ রাখবে এমন সমাধান বাস্তবায়ন করা যায়।

ট্রপিক্যাল ঝড় ইসাইয়াসের সৃষ্ট ক্ষয়ক্ষতির পর, যা 2020 সালের আগস্ট মাসে 650,000 গ্রাহককে বিদ্যুৎহীন করেছিলো, বর্ধিত তহবিল LIPA কে 166টি ওভারহেড সার্কিট দৃঢ় করতে দিবে যার আওতায় এর বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কের আনুমানিক 1,376 মাইল রয়েছে। পাশাপাশি, তহবিলের ফলে LIPA অতিরিক্ত 166টি ওভারহেড তিন ফেজের প্রাইমারি সার্কিটকে ঝড়ের জন্য স্থিতিশীল করতে পারবে। হারিকেন স্যান্ডির পর LIPA FEMA প্রশমন তহবিল দ্বারা 339টি সার্কিটের কাজ সম্পূর্ণ করেছে। এই দুইটি অনুদানের মাধ্যমে 2020 সাল থেকে LIPA তাদের ওভারহেড সিস্টেমের 50 শতাংশের বেশি ঝড়ের জন্য স্থিতিশীল করতে পারছে।

লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জন রোডস বলেন, "আমাদের গ্রাহকেরা একটি নির্ভরযোগ্য এবং স্থিতিশীল বিদ্যুৎ সেবা চায় এবং এটি তাদের প্রাপ্য। অতিরিক্ত এই তহবিলটি আরো বলীয়ান একটি বিদ্যুৎ গ্রিড গঠনে আমাদের চলমান প্রয়াসকে আরো উল্লেখযোগ্যভাবে বলীয়ান করবে এবং ভবিষ্যতের আবহাওয়া কাঠিন্য সামাল দেওয়ার জন্য আমাদেরকে আরো ভালো প্রস্তুতি গ্রহণ করতে দিবে। FEMA ও ফেডারেল সরকারে আমাদের সকল অংশীদারদেরকে তাদের অব্যাহত সমর্থনের জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ডের প্রধান ট্রেসি এডওয়ার্ডস বলেন, "পরিচ্ছন্ন, নির্ভরযোগ্য, এবং সাশ্রয়ী শক্তি সরবরাহ করতে এবং একই সাথে আমাদের গ্রাহকদের জন্য সর্বনিম্ন দীর্ঘমেয়াদি মূল্য নিশ্চিত করতে LIPA ট্রাস্টি বোর্ড নিবেদিত। এই উল্লেখযোগ্য ফেডারেল তহবিল আমাদেরকে আমাদের বৈদ্যুতিক গ্রিডের অত্যাবশ্যকীয় উন্নয়ন কাজ শুরু করতে দিবে যা এর স্থিতিস্থাপকতা এবং স্থিতিশীলতা উন্নত করবে। FEMA এর সমর্থন পেয়ে আমরা কৃতজ্ঞ এবং এই প্রকল্পকে অগ্রসর করতে নিবেদিত LIPA কর্মীদের প্রতিশ্রুতি এবং কাজের জন্য তাদের প্রশংসা করছি।"

প্রকল্পের মুখ্য অংশের মধ্যে রয়েছে:

- **আরো মজবুত ইউটিলিটি খুঁটি:** আনুমানিক 11,000 ইউটিলিটি খুঁটিকে আরো মজবুত, আরো স্থিতিশীল খুঁটি দ্বারা প্রতিস্থাপিত করা হবে যাদের ঘণ্টায় 135 মাইলের বেশি গতির বাতাসসহ হারিকেনের চাপ সহ্য করার ক্ষমতা থাকবে। এই খুঁটিগুলির ভিত্তি আরো মজবুত হবে এবং একই সাথে এগুলি বিদ্যমান খুঁটির একটি উচ্চতার হবে।
- **উন্নত বৈদ্যুতিক তার:** 1,281 মাইল প্রাইমারি তারকে আরো সহনশীল এবং স্থিতিস্থাপক বিকল্প দ্বারা হালনাগাদ করা হবে।
- **সরু প্রোফাইল ক্রসআর্ম:** পতিত গাছের ডাল দ্বারা ক্ষতি প্রতিরোধ করতে 29,000টি ইউটিলিটি ক্রসআর্মকে আরো কম দৈর্ঘ্যের, সিন্থেটিক সংস্করণ দ্বারা প্রতিস্থাপিত করা হবে। এদের কাঠের অনুরূপের সাথে তুলনা করতে এই ক্রসআর্মসমূহের ব্যবহারিক জীবন হবে 30 বছরের।

- **বর্ধিত কর্মীবাহিনী:** প্রকল্পের চার বছরের নির্মাণকাজের সময় আনুমানিক 100 বিদ্যুতের লাইন কর্মী বৃদ্ধি করা হবে। এই অতিরিক্ত লাইন কর্মীরা বড় আবহাওয়ার ইভেন্টের সময় বিদ্যুৎ পুনঃস্থাপনে সহায়তা করবে এবং স্থানীয় অর্থনীতিতে অবদান রাখবে।

প্রকল্পের কাজ শেষ হতে মোট পাঁচ বছর লাগবে।

একটি সরকারি কর্তৃপক্ষ হিসেবে LIPA এর গ্রাহকদের জন্য ঝড়ের পুনরুদ্ধারের এবং জলবায়ু স্থিতিস্থাপকতার ব্যয় পূরণে সাহায্য করতে অনুদান চাওয়ার সুযোগ পাবে। গত এক দশক ধরে, LPA ঝড়ের জন্য স্থিতিশীল হতে একাধিক FEMA অনুদান লাভ করেছে, যার মধ্যে রয়েছে সুপারস্টর্ম স্যান্ডি (2012) এবং ট্রপিক্যাল স্টর্ম ইসাইয়াস (2020) এর পুনরুদ্ধার রয়েছে। এই অনুদানসমূহ উল্লেখযোগ্যভাবে গ্রাহকের ব্যয় 2.3 বিলিয়ন মার্কিন ডলার হ্রাস করেছে। FEMA এর মাধ্যমে অর্থায়িত প্রশমন প্রয়াস কার্যকর বলে প্রমাণিত হয়েছে, চরম আবহাওয়া ইভেন্টের সময় ঝড়ের বিপক্ষে স্থিতিশীল করা সার্কিটসমূহ প্রশমন করা হয়নি এমন সার্কিটের তুলনায় 50 শতাংশ ভালো কাজ করেছে।

লং আইল্যান্ড লেবার ফাউন্ডেশনের AFL-CIO প্রেসিডেন্ট জন ডুর্সো বলেন, "লং আইল্যান্ড আটলান্টিক মহাসাগরের একটি দ্বীপ যা জলবায়ু পরিবর্তনের সম্মুখসারিতে রয়েছে। লং আইল্যান্ডের জন্য এই ফেডারেল তহবিল গুরুত্বপূর্ণ। আমাদের বিদ্যুৎ গ্রিডের নির্ভরযোগ্যতা এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করা আরো উত্তম ও উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য স্থিতিশীল বিদ্যুৎ ও ভালো বেতনের ইউনিয়ন চাকরি প্রদান করার জন্য অত্যাবশ্যকীয়। এই তহবিল নিশ্চিত করতে গভর্নর হোকল, সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, এবং সিনেটর জিলিব্র্যান্ডের নেতৃত্ব এবং সমর্থনের জন্য জন্য আমরা তাদেরকে ধন্যবাদ জানাতে চাই।"

IBEW 1049 এর ব্যবসা ব্যবস্থাপক প্যাট গাইডিস বলেন, "লং আইল্যান্ডের বৈদ্যুতিক অবকাঠামোকে বলীয়ান করা অব্যাহত রাখতে, আমরা যেই চরম আবহাওয়ার সম্মুখীন হচ্ছি তার তার বিপক্ষে এটিকে আরো জোরদার করতে এই গুরুত্বপূর্ণ তহবিল অত্যাবশ্যকীয়। পাশাপাশি এটি গ্রিডের পরিচালনার জন্য অতি অত্যাবশ্যকীয় প্রশিক্ষিত পেশাদারদের জন্য আরো চাকরি তৈরি করবে এবং একই সাথে আমাদের স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করবে। দক্ষ ইউনিয়ন শ্রমিক দিয়ে অবদান রাখতে পেরে IBEW স্থানীয় 1049 গর্বিত, যা নিরাপদ ও কার্যকরভাবে কাজ সম্পন্ন হওয়া নিশ্চিত করবে। এই অত্যাবশ্যকীয় বিনিয়োগ নিশ্চিত করার জন্য আমরা নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন